

## 💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ৫. ৬. মীযান

হিসাবের একটি বিশেষ দিক যে, মহান আল্লাহ কিয়ামতের দিন মানুষের কর্ম ওজন করবেন এবং ওজনের জন্য মীযান বা তুলাদন্ড স্থাপন করবেন। মহান আল্লাহ বলেন:

وَنَضَعُ الْمَوَازِينَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيَامَةِ فَلا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَإِنْ كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ أَتَيْنَا بِهَا وَكَفَى بِنَا حَاسِبِينَ حَاسِبِينَ حَاسِبِينَ

"এবং কিয়ামত -দিবসে আমি স্থাপন করব ন্যায় বিচারের পাল্লা বা তুলাদন্ড। সুতরাং কারো প্রতি কোন অবিচার করা হবে না এবং কর্ম যদি তিল পরিমাণ ওজনেরও হয় তবুও আমি তা উপস্থিত করব; হিসাব গ্রহণকারীরূপে আমিই যথেষ্ট।"[1]

অন্যত্র আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা বলেন:

وَالْوَزْنُ يَوْمَئِدٍ الْحَقُّ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ وَالْوَزْنُ يَوْمَئِدٍ الْحَقُّ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ اللَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ وَالْوَرْنُ يَوْمَئِدٍ الْحَقُ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينَهُ فَأُولَئِكَ اللَّهُونَ يَظْلِمُونَ وَمَنْ خَفَّتُ مَوَازِينَهُ فَأُولَئِكَ اللَّهِ الْمُونَ

"সে দিন ওজন ঠিক করা হবে, যাদের পাল্লা ভারী হবে তারাই সফলকাম হবে; আর যাদের পাল্লা হালকা হবে তারাই নিজদের ক্ষতি করেছে, যেহেতু তারা আমার নিদর্শনকে প্রত্যাখ্যান করত।"[2]

মহান আল্লাহ আরো বলেন:

قَأَمًا مَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيةٍ وَأُمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُمُّهُ هَاوِيَةٌ وَمَا أَدْرَاكَ مَا هِيَهُ نَارٌ حَامِيَةً وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُمُّهُ هَاوِيَةٌ وَمَا أَدْرَاكَ مَا هِيهُ نَارٌ حَامِيَةً وَاللهُ ''তখন যার পাল্লা ভারী হবে সে তো লাভ করবে সন্তোষজনক জীবন, কিন্তু যার পাল্লা হালকা হবে তার স্থান হবে 'হাবিয়া' (গভীর গর্ত); তুমি কি জান তা কী? তা অতি উত্তপ্ত অগ্নি।"[3]

## ফুটনোট

[1] সূরা (২১) আম্বিয়া: ৪৭ আয়াত।

[2] সূরা (৭) আ'রাফ: ৮-৯ আয়াত।

[3] সুরা (১০১) কারিয়: ৬-১১ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13672

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন